




তারেক রহমানকে ‘ভাই’ সম্বোধন করে অভিনন্দন শেহবাজ শরিফের



সংগৃহীত ছবি

জাতীয় সংসদ নির্বাচনে বড় জয়ের পর বিএনপি চেয়ারম্যান তারেক রহমান প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। এ পরিবর্তনকে দক্ষিণ এশিয়ার রাজনীতিতে তাৎপর্যপূর্ণ ঘটনা হিসেবে দেখা হচ্ছে।

শপথের পর পাকিস্তানের প্রেসিডেন্ট আসিফ আলী জারদারি ও প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ অভিনন্দন জানান। জারদারি নির্বাচনে বড় জয়ের প্রশংসা করে দুই দেশের সম্পর্ক আরও শক্তিশালী করার আশা প্রকাশ করেন।

শেহবাজ শরিফ তার বার্তায় তারেক রহমানকে ‘ভাই’ সম্বোধন করে পারস্পরিক স্বার্থে ঘনিষ্ঠভাবে কাজ করার আগ্রহ জানান এবং ঐতিহাসিক সম্পর্ক আরও গভীর করার প্রত্যাশা ব্যক্ত করেন।

ঢাকায় শপথ অনুষ্ঠানে অংশ নেওয়া পাকিস্তানের পরিকল্পনামন্ত্রী আহসান ইকবাল বলেন, নতুন সরকারের অধীনে বাংলাদেশ উন্নয়নের নতুন ধাপে পৌঁছাবে—এটাই তাদের প্রত্যাশা। তিনি অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনুস-এর সঙ্গেও সাক্ষাৎ করেন এবং সফল নির্বাচন আয়োজনের জন্য অভিনন্দন জানান।

দুই দেশের মধ্যে বাণিজ্য বাড়ানো, সরাসরি বিমান যোগাযোগ চালু এবং আঞ্চলিক সহযোগিতা জোরদারের ওপর গুরুত্বারোপ করা হয়েছে। পাশাপাশি যুব উন্নয়ন, উদ্ভাবন ও টেকসই অগ্রগতির ক্ষেত্রেও সমন্বিত উদ্যোগের কথা উঠে এসেছে।